উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

<u>নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনে নব নির্বাচিত 'উপজেলা পরিষদ প্রথম সভা'র কার্যবিবরণী</u>

সভাপতি	ঃ	জনাব মোহাম্মদ গোলাম শরীফ চৌধুরী চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান	ঃ	উপজেলা পরিষদ মিলনায়তন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
তারিখ ও সময়	ঃ	৩০-০৬-২০২৪ খ্রিঃ, সকাল ১২:০০ টা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক' এ দেখানো হলো।

সভাপতি সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে নব গঠিত উপজেলা পরিষদের প্রথম সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধে উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর বিধি-৩ অনুসারে আহুত উপজেলা পরিষদের প্রথম সভায় আলোচ্যসূচী মোতাবেক সভায় আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করলে উপস্থিত সকল সম্মানিত সদস্যগণের সক্রিয় অংশগ্রহণে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনান্তে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</u> সভায় উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান।	উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা সভায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	সংশ্লিষ্ট সকল
০২। <u>নব নির্বাচিত উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান নির্বাচন</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, নবগঠিত উপজেলা পরিষদের প্রথম সভায় উপজেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান নির্বাচনের বিষয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।	সভায় উপস্থিত সকল সদস্যগণ এবং ভাইস-চেয়ারম্যানদ্বয়ের সম্মতিতে জনাব মুহাম্মদ জসিম উদ্দিন, ভাইস চেয়ারম্যান, কোম্পানীগঞ্জ, নোয়াখালীকে ০১নম্বর প্যানেল চেয়ারম্যান হিসেবে মনোনীত করা হয় তাঁর অনুপস্থিতিতে জনাব পারভীন আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, ০২নং নম্বর প্যানেল চেয়ারম্যান হিসেবে মনোনীত করে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
০৩। <u>১৭টি স্থায়ী কমিটি গঠন:</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা পরিষদ ম্যানুয়াল (জুলাই, ২০১৩ তারিখে প্রকাশিত) এ বর্ণিত নির্দেশনা সাপেক্ষে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠন করা প্রয়োজন। উক্ত কমিটিসমূহের সভাপতি হবেন ভাইস-চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান ও সদস্য সচিব হবেন স্ব-স্ব দপ্তর/ বিভাগের কর্মকর্তাগণ।	উপজেলা পরিষদের কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য উপজেলা পরিষদ ম্যানুয়াল (জুলাই, ২০১৩ তারিখে প্রকাশিত) এ বর্ণিত নির্দেশনা সাপেক্ষে উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটি গঠনের নিমিত্ত কমিটির একটি প্রস্তাব আগামী সভার পূর্বে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বরাবরে উপস্থাপন করার জন্য সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এবং উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৪। <u>হস্তান্তরিত বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা</u> উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর বিধি-১৪ অনুসারে উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভিন্ন দপ্তরের কাগজপত্র, নথি ইত্যাদি যে গুলোতে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অনুমোদন প্রয়োজন এমন সকল নথিপত্র ও পত্রাদি উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ এর মাধ্যমে চেয়ারম্যানের নিকট উপস্থাপন করতে হবে।	সভায় উপস্থাপিত বিষয়টি এ উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহে সকল বিভাগীয় প্রধানগণকে যথাযথভাবে অনুসরণের অনুরোধ জানানোর সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। পাশাপাশি এ উপজেলা পরিষদের সভাসহ সকল কার্যক্রমে উপজেলা পরিষদ উপজেলা পরিষদ ম্যানুয়াল (জুলাই, ২০১৩ তারিখে প্রকাশিত)-এ উপস্থাপিত আইন, বিধি, পরিপত্র ও প্রজ্ঞাপন যথাযথভাবে মেনে চলার অনুরোধ জানানোর সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।	চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, উপজেলা নির্বাহী অফিসার এবং সকল বিভাগীয় প্রধানগণ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৫। <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ :</u> উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কোম্পানীগঞ্জ
০৬। <u>উপজেলা প্রাণীসম্পদ বিভাগ :</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
০৭। <u>উপজেলা কৃষি বিভাগ :</u> উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা

<table>
<tr><td>

<u>০৮। উপজেলা প্রকৌশলী :</u>

ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ দ্বারা কাজ বাস্তবায়নের জন্য e-GP পদ্ধতি অনুযায়ী দরপত্র আহবান করা হয়। তাই বিধি মোতাবেক বহুল প্রচারের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। প্রকাশিত পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য প্রস্তাব করেন।

<table>
<tr><th>ক্র: নং</th><th>বিজ্ঞপ্তি নং</th><th>পত্রিকার নাম</th><th>বিল</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td rowspan="3">বিজ্ঞপ্তি নং-০১/২০২৩-২৪</td><td>দৈনিক কালবেলা</td><td>২৭,৯৪৫.০০</td></tr>
<tr><td>দৈনিক সচিত্র নোয়াখালী</td><td>৯,৯৩৬.০০</td></tr>
<tr><td>দ্য ডেইলি স্টার</td><td>১৪,৯৬৬.১০</td></tr>
<tr><td rowspan="4">০২</td><td rowspan="4">বিজ্ঞপ্তি নং-০৩/২০২৩-২৪</td><td>দৈনিক নোয়াখালীর খবর</td><td>৮,৮৩২.০০</td></tr>
<tr><td>দৈনিক মানবজমিন</td><td>২৪,৭৮৪.৮০</td></tr>
<tr><td>দৈনিক গণমুক্তি</td><td>২২,২১৮.০০</td></tr>
<tr><td>দ্য ডেইলি অবজারভার</td><td>১২,১৪৪.০০</td></tr>
<tr><td rowspan="3">০৩</td><td rowspan="3">বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩-২৪</td><td>আমার সংবাদ</td><td>২৪,৮৪০.০০</td></tr>
<tr><td>দ্য নিউ নেশন</td><td>১৪৩৫২.০০</td></tr>
<tr><td>আজকালকের খবর</td><td>২৪,৮৪০.০০</td></tr>
</table>

খ) উপজেলা প্রকৌশলী সভায় উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন (পুরতান ভবন) সংস্কারের বিষয়ে আলোচনা করেন।

</td><td>

ক) ২০২৩-২৪ অর্থবছরে উপজেলা পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ দ্বারা কাজ বাস্তবায়নের জন্য e-GP পদ্ধতি অনুযায়ী দরপত্র আহবান করা হয়। তাই বিধি মোতাবেক বহুল প্রচারের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

<table>
<tr><th>ক্র: নং</th><th>বিজ্ঞপ্তি নং</th><th>পত্রিকার নাম</th><th>বিল</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td rowspan="3">বিজ্ঞপ্তি নং-০১/২০২৩-২৪</td><td>দৈনিক কালবেলা</td><td>২৭,৯৪৫.০০</td></tr>
<tr><td>দৈনিক সচিত্র নোয়াখালী</td><td>৯,৯৩৬.০০</td></tr>
<tr><td>দ্য ডেইলি স্টার</td><td>১৪,৯৬৬.১০</td></tr>
<tr><td rowspan="4">০২</td><td rowspan="4">বিজ্ঞপ্তি নং-০৩/২০২৩-২৪</td><td>দৈনিক নোয়াখালীর খবর</td><td>৮,৮৩২.০০</td></tr>
<tr><td>দৈনিক মানবজমিন</td><td>২৪,৭৮৪.৮০</td></tr>
<tr><td>দৈনিক গণমুক্তি</td><td>২২,২১৮.০০</td></tr>
<tr><td>দ্য ডেইলি অবজারভার</td><td>১২,১৪৪.০০</td></tr>
<tr><td rowspan="3">০৩</td><td rowspan="3">বিজ্ঞপ্তি নং-০৪/২০২৩-২৪</td><td>আমার সংবাদ</td><td>২৪,৮৪০.০০</td></tr>
<tr><td>দ্য নিউ নেশন</td><td>১৪৩৫২.০০</td></tr>
<tr><td>আজকালকের খবর</td><td>২৪,৮৪০.০০</td></tr>
</table>

সরকারি কাজের স্বার্থে বহুল প্রচারিত পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন (পুরতান ভবন) সংস্কারের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

</td><td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।</td></tr>
<tr><td><u>০৯। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
<tr><td><u>১০। পরিবার পরিকল্পনা বিভাগ:</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এইচএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকার ফলে সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।</td><td>পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা।</td></tr>
<tr><td><u>১১। উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা</td></tr>
<tr><td><u>১২। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ</u> উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার,</td></tr>
<tr><td><u>১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ</u> উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)</td></tr>
<tr><td><u>১৪। মৎস্য বিভাগ ঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ক) উপজেলা মৎস্য কর্মকর্তা, কোম্পানীগঞ্জ</td></tr>
<tr><td><u>১৫। পল্লী উন্নয়ন বিভাগ ঃ</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ,</td></tr>
<tr><td><u>১৬। মহিলা বিষয়ক অধিদপ্তর :</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এইচএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকার ফলে সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।</td><td>পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td><u>১৭। সমবায় বিভাগ ঃ</u> উপজেলা সমবায় কর্মকর্তা এইচএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকার ফলে সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি</td><td>পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা</td></tr>
<tr><td><u>১৮। উপজেলা যুব উন্নয়ন বিভাগ ঃ</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।</td><td>পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা</td></tr>
<tr><td><u>১৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ</u>
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</td></tr>
</table>

২০। **বন বিভাগ ঃ** রেঞ্জ কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	রেঞ্জ কর্মকর্তা
২১। **পরিসংখ্যান বিভাগ ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ এর লিস্টিং কার্যক্রম আগামী ৭ জুলাই হতে শুরু হবে এবং ২০ দিনের মধ্যে সম্পন্ন করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	যথাযথভাবে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর লিস্টিং কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
২২। **সহকারী প্রোগ্রামার ঃ** সহকারী প্রোগ্রামার সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৩। **উপজেলা খাদ্য অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
২৪। **শিক্ষা প্রকৌশল অধিদপ্তর বিভাগ ঃ** উপ-সহকারী প্রকৌশলী, (শিক্ষা) সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা)
উপজেলা পরিষদ বিবিধ : (ক) ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম সভা হতে উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিষদের জন্য আলোচনা করা হয়। (খ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। (গ) উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়।	(ক) ৬ষ্ঠ উপজেলা পরিষদের ১ম সভা হতে উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিষদের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদের আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের বাজেট এবং বার্ষিক আর্থিক প্রতিবেদন সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ খ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ

(মোহাম্মদ গোলাম শরীফ চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ৮০৫

তারিখ ঃ ৪ জুলাই ২০২৪

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
০৭। উপজেলা .... কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
০৮। চেয়ারম্যান, ...ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

০৪/০৭/২৪

মো: আনোয়ার হোসাইন পাটোয়ারী
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪৯৪২০৪